ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট
**প্রশাসন শাখা**
www.dcb.gov.bd

২৪ বৈশাখ, ১৪৩৩
নং- ২৩.২২.৭০০১.০১১.২৬.৫২৬.২৪-2200 তারিখঃ ----------------------------
০৭ মে, ২০২৬

বিষয়ঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ/প্রচার।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ০৩ মে, ২০২৬ তারিখের ২৩.২২.০০০০.০০০.০১১.১১.০২৯৩.২৫.৩৭৫ নং পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ছায়ালিপি প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে----06-------পাতা।

(মোঃ শেখ শহিদুল ইসলাম)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।
ফোনঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইলঃ ceocbd@gmail.com

কার্যক্রম-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সকল শাখা প্রধান---------------------, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

২. পরিচালক, প্রশাসন/চীফ মেডিকেল অফিসার
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

৩. অধ্যক্ষ, শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাস।

৪. প্রধান শিক্ষক
শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল/মুসলিম মডার্ন একাডেমি/
সেনাপল্লী হাই স্কুল/ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী/
ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর/রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলা, ঢাকা।

৫. সহকারী প্রোগ্রামার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। - (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

F:\Admin\BD\N-bd doc-170

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
প্রশাসন শাখা
www.dmlc.gov.bd

নম্বর: ২৩.২২.০০০০.০০০.০১১.১১.০২৯৩.২৫.৩৭৫

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ / ০৩ মে ২০২৬

বিষয়: নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ/প্রচার।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং অধিদপ্তর আওতাধীন সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরসমূহে বিভিন্ন ক্যাটাগরিতে ১৩টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বানের জন্য ০১ মে ২০২৬ তারিখে 'দৈনিক বাংলাদেশ প্রতিদিন' এবং 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

০২। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বহুল প্রচারের লক্ষ্যে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বিজ্ঞপ্তি-০১ (এক) কপি।

০৩/০৫/২০২৬

(শামীমা শরমিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
নিয়োগ ও পদোন্নতি কমিটি
ফোন: ৮৭১৫৬৯৫
E-mail: adadmn@dmlc.gov.bd

১। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, সেন্ট্রাল/ইস্টার্ন/নর্দার্ণ/সিলেট সার্কেল, ঢাকা/চট্টগ্রাম/বগুড়া/সিলেট সেনানিবাস।

২। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস
প্রশাসন শাখা
www.dmlc.gov.bd

নম্বর: ২৩.২২.২৬০৮.০০০.০১১.১১.০০৫২.২৬.৩৫৬

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত ১৪ থেকে ১৭ নং গ্রেডের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইনে (https://job.shmrmi.gov.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | গ্রেড নং | জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | উচ্চমান সহকারী | ১৪ | ১০২০০-২৪৬৮০/- | ২টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনার দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ এবং<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১৪ | ১০২০০-২৪৬৮০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনার দক্ষতা;<br>(গ) সাঁট লিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ এবং<br>(ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | সার্ভেয়ার ড্রাফটসম্যান | ১৪ | ১০২০০-২৪৬৮০/- | ০৪টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে ডিপ্লোমা-ইন-সার্ভে সনদ উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ এবং<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে |
| ৪। | এমই ওভারশিয়ার | ১৭ | ৯০০০-২১৮০০/- | ০৩টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৬ (ছয়) মাস মেয়াদি সার্ভে বা আমিনশীপ কোর্স উত্তীর্ণ; |
| ৫। | চেইনম্যান | ১৭ | ৯০০০-২১৮০০/- | ৩টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৬ (ছয়) মাস মেয়াদি সার্ভে বা আমিনশীপ কোর্স উত্তীর্ণ; |

## শর্তাবলী

১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://job.shmrmi.gov.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। পত্রিকা ছাড়াও অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ওয়েবসাইট

(ক) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১ মে ২০২৬ রাত ১২.০০ ঘটিকা এবং আবেদনের শেষ তারিখ ও সময় **২০ মে ২০২৬ রাত ১২.০০ ঘটিকা**।

(খ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র সাবমিট করার সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(গ) Online এ আবেদন সাবমিট করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। যেখানে সনদপত্র আপলোডের নির্দেশ থাকবে, সেখানে Certificate Upload পেজ থেকে প্রয়োজনীয় সনদপত্র আপলোড করতে হবে। অন্যথায় আবেদনটি অসম্পূর্ণ হিসেবে গণ্য হবে।

(ঘ) কারিগরি সংক্রান্ত যে কোন তথ্য/সমস্যা সমাধানের বিষয়ে ওয়েবসাইটে থাকা Contact Us পেজ থেকে সার্পোট টিকেট তৈরী করে বা প্রয়োজনে ইমেইল (jobshmrmi@gmail.com) এ যোগাযোগ করা যেতে পারে। আবেদন জমা দেয়ার সর্বশেষ তারিখে প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স নিরুপণ/প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ এর ২(চ) নং অনুচ্ছেদের শর্ত পূরণ সাপেক্ষে উচ্চমান সহকারী ও সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০(চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সরকারের সর্বশেষ জারীকৃত নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক দাখিল করতে হবে।

৩। প্রার্থীর পিতা ও মাতার নাম এসএসসি বা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনে হুবহু সেভাবে লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪। যোগ্যতা থাকা সাপেক্ষে একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন। এজন্য তাকে আলাদা আলাদা ফি জমা দিতে হবে। তবে একাধিক পদের পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হলে কেবল একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৫। আবেদন ফি: ক্রমিক নং ১ থেকে ৩ পর্যন্ত ১০০/- (একশত) টাকা, কমিশন ও ভ্যাট বাবদ ১২ (বারো) টাকাসহ মোট ১১২ (একশত বারো) টাকা এবং ক্রমিক নং ৪ ও ৫ পর্যন্ত ৫০/- (পঞ্চাশ) টাকা, কমিশন ও ভ্যাট বাবদ ৬(ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা পরিশোধ করতে হবে।

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের (NOC) মূলকপি জমা দিতে হবে।

৭। পরীক্ষার তারিখ, সময় ও স্থান অনলাইনে ইস্যুকৃত প্রবেশপত্রের মাধ্যমে অবহিত করা হবে।

৮। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯। উক্ত চাকরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং এর আওতাধীন বিভিন্ন সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরসমূহে বদলিযোগ্য হবে।

১০। অসত্য/ভুল তথ্য/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের Online এ প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ প্রদানের সুপারিশ করা হবে। পরবর্তীতে যে কোন সময়ে সুপারিশকৃত প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রে ঘাটতি/অসঙ্গতি/ ত্রুটি/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে, উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। প্রকাশিত ফলাফলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

**মহাপরিচালক**
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস